

এইচএসসির ফল

পাসের হার কমলেও বেড়েছে জিপিএ ৫

অনলাইন ডেস্ক

১৫ অক্টোবর,
২০২৪ ১২:৩১

শেয়ার

অ +

অ -



ফাইল ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। মঙ্গলবার (১৫ অক্টোবর) বেলা ১১টায় স্ব স্ব বোর্ডের ওয়েবসাইট ও শিক্ষাপ্রতিষ্ঠানে একযোগে এ ফল প্রকাশ করা হয়। এ বছর ১১টি বোর্ডে গড় পাসের হার ৭৭.৭৮ শতাংশ, যা গত বছর ছিল ৭৮ দশমিক ৬৪ শতাংশ। সে হিসাবে এবার পাসের হার কমেছে দশমিক ৮৬ শতাংশ।

এবার ছাত্রীদের পাসের হার ৭৯ দশমিক ৯৫ শতাংশ। ছাত্রদের পাসের হার ৭৫ দশমিক ৬১ শতাংশ।

প্রকাশিত ফলাফলে দেখা গেছে, পাসের হার কমলেও বেড়েছে জিপিএ ৫ পাওয়ার সংখ্যা। এবার জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৪৫ হাজার ৯১১ জন শিক্ষার্থী।

গত বছর এ সংখ্যাটি ছিল ৯২ হাজার ৩৬৫টি। সে হিসাবে এবার জিপিএ-৫ পাওয়ার সংখ্যা বেড়েছে ৫৩ হাজার ৫৪৬ জন। এর মধ্যে ৮০ হাজার ৯৩৩ জন ছাত্রী জিপিএ ৫ পেয়েছেন। আর ছাত্র ৬৪ হাজার ৯৭৮ জন।

আরো পড়ুন



সংসার শুরুর আগেই বিচ্ছেদের পথে এক্সিম ও পদ্মা ব্যাংক

গত ৩০ জুন থেকে সারা দেশে একযোগে এইচএসসি ও সমমানের পরীক্ষা শুরু হয়। এবার পরীক্ষা দেয় ১৪ লাখ ৫০ হাজার ৭৯০ জন।

কোটা সংস্কার আন্দোলন ঘিরে সহিংসতার কারণে গত ১৮, ২১, ২৩ ও ২৫, ২৮ জুলাই ও ১ ও ৪ আগস্টের পরীক্ষা স্থগিত করা হয়। সবশেষে ১১ সেপ্টেম্বর থেকে নতুন সূচিতে পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। কিন্তু নতুন করে আর পরীক্ষা না নিয়ে যেগুলো হয়েছে সেগুলোর ওপর ভিত্তি করে এইচএসসির ফলাফল প্রকাশের দাবি নিয়ে শত শত পরীক্ষার্থী নজিরবিহীনভাবে ২০ আগস্ট দুপুরে প্রশাসনের কেন্দ্রবিন্দু সচিবালয়ে ঢুকে পড়ে।

পরে তাদের প্রতিনিধিদের নিয়ে বৈঠকে বসে শিক্ষা মন্ত্রণালয় অবশিষ্ট পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত নেয়।

আরো পড়ুন



বরিশাল শিক্ষাবোর্ডে পাসের হার ৮১.৮৫, জিপিএ-৫ পেয়েছে ৪১৬৭

শিক্ষার্থী

কীভাবে ফলাফল প্রকাশ হবে, তা নিয়ে গত ২৫ সেপ্টেম্বর শিক্ষা মন্ত্রণালয় থেকে আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটিকে নির্দেশনা দেওয়া হয়েছে।

অনুষ্ঠিত বিষয়গুলো পূর্ণ মানে এবং বাতিল হওয়া পরীক্ষাগুলোর ক্ষেত্রে শুধু পরীক্ষার্থীদের এসএসসিতে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে সাবজেক্ট ম্যাপিং করার নির্দেশনা দেওয়া হয়। সে অনুযায়ী প্রকাশিত হলো ফলাফল।

